তারিখ: 31 JAN 2016
পৃষ্ঠা: ২৪ কলাম: ৬

দৈনিক
জনকণ্ঠ

# প্রধানমন্ত্রী শিক্ষা ব্যবস্থায় আমূল পরিবর্তন এনেছেন ॥ আমু

**স্টাফ রিপোর্টার, বরিশাল ॥** শিল্পমন্ত্রী আমির হোসেন আমু বলেছেন, বঙ্গবন্ধু হত্যার পর এদেশে শিক্ষার জন্য কেউ উন্নয়ন করেনি। বঙ্গবন্ধুর কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা শিক্ষা ব্যবস্থায় আমূল পরিবর্তন এনেছেন। তিনি শিক্ষার উন্নতির জন্য দেশের সাড়ে ২৭ হাজার প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ করছেন। শিক্ষানীতি চালুর ব্যবস্থা করেছেন।

প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বরিশাল নগরীতে নতুন দুটি সরকারী স্কুলের শিক্ষা কার্যক্রমের অনুষ্ঠানিক উদ্বোধনী সভায় প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী আরও বলেন, দেশ উন্নয়নে শিক্ষার বিকল্প নেই। তাই বর্তমান সরকার শিক্ষার ওপর সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছেন। ফলে প্রতিটি জেলায় নতুন নতুন স্কুল, কলেজ, মাদ্রাসা তৈরি করা হচ্ছে। শনিবার বেলা ১১টার দিকে বরিশাল জিলা স্কুলের প্রস্তাবিত কলেজ ক্যাম্পাসে নতুন রূপাতলী ও কাউনিয়া সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে জেলা প্রশাসক ও বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি ড. গাজী সাইফুজ্জামানের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন জাতীয় সংসদের প্যানেল স্পীকার এ্যাডভোকেট তালুকদার মোঃ ইউনুস এমপি, জেবুন্নেছো আফরোজ এমপি, বিভাগীয় কমিশনার বীর মুক্তিযোদ্ধা মোঃ গাউস, বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভিসি ড. এএসএম ইমামুল হক প্রমুখ।